গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
http://alamdanga.chuadanga.gov.bd

স্মারক নং-০৫.৪৪.১৮০৭.০০০.১১.০০২.২০- ৫২ তারিখ : ১৫-০১-২০২০ খ্রিঃ

# তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "জনশুমারি ও গৃহগণনা ২০২১" এর লিস্টিং অপারেশন/মুল শুমারির গণনা কার্যক্রমে "তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার" পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র আলমডাঙ্গা উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১। | সুপারভাইজার | প্রশিক্ষণ : ৪০০/- (প্রতিদিন)<br>পারিতোষিক : ৮৫০০/-<br>(ভ্যাট ও ট্যাক্সসহ) | ১. নূন্যতম স্নাতক/সমমান পাশ হতে হবে<br>২. নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩. স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে ও স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪. ২৭-০১-২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে<br>৫. সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬. পূর্ববর্তী শুমারীতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২। | তালিকাকারী/<br>গণনাকারী | প্রশিক্ষণ : ৪০০/- (প্রতিদিন)<br>পারিতোষিক : ৮০০০/-<br>(ভ্যাট ও ট্যাক্সসহ) | ১. নূন্যতমএইচএসসি/সমমান পাশ হতে হবে<br>২. নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩. স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ হতে হবে ও স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪. ২৭-০১-২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫. সহজে বোধ্যগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬. পূর্ববর্তী শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

বি: দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে/প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বোতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলী :**

১. লিস্টিং অপারেশন (সম্ভাব্য : ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মুল শুমারিতে (সম্ভাব্য
২. ২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
৩. লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্ট ফোন রয়েছে এবং পরিচালনায় দক্ষ হতে হবে এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন ।
৪. একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৫. অন্য কোন পেশায় (সরকারি, বেসরকারি, আধাসরকারি প্রতিষ্ঠান এ কর্মরত) নিয়োজিত কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমান পেলে তৎক্ষনাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।
৬. নিজের মৌজা/মহল্লা ব্যতিরেকে অন্য মৌজা/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
৭. আবেদনপত্র ও আবেদন ফরম এ উল্লিখিত কাগজপত্র আগামী ২৭-০১-২০২০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা পরিসংখ্যান কার্যালয়, আলমডাঙ্গায় অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
৮. লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মুল কপি প্রদর্শন করতে হবে।
৯. আবেদনপত্রের খামের উপর নাম,পদের নাম, নিজ ইউনিয়ন ও নিজ মৌজার নাম অবশ্যই লিখতে হবে।
১০. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**অন্যান্য তথ্যাবলী :**

১১. উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট(www.bbs.alamdanga.chuadanga.gov.bd) থেকে ডাউনলোড করে **আবেদনের নির্ধারিত ফরম স্বহস্তে/নিজ হাতে পূরন করে আবেদন করতে হবে।** এছাড়া উপজেলা পরিসংখ্যান কার্যালয়, আলমডাঙ্গা চুয়াডাঙ্গা থেকেও আবেদন পত্র সংগ্রহ করা যাবে।
১২. নিয়োগ সংক্রান্ত নির্দেশনা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।
১৩. নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১৪. লিস্টিং আপারেশনে নিয়োজিত কর্মীগণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মুল শুমারিতে গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
১৫. লিস্টিং অপারেশন/মূল শুমারির জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয় এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট এ প্রকাশ করা হবে।
১৬. নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।
১৭. এ নিয়োগ শুধুমাত্র "জনশুমারি ও গৃহগণনা ২০২১" সংশ্লিষ্ট কাজের জন্য বিবেচিত হবে।
১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/০১/২০২০

(মোঃ লিটন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
ফোনঃ ০৭৬২২-৫৬২০১
Email: unoalamdanga@mopa.gov.bd

# আবেদন ফরম

**আবেদন ফরম অবশ্যই স্বহস্তে পূরণ করতে হবে , অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।**

সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি।

সত্যায়িত হতে হবে।

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

**বিষয়:** ..........................................পদে আবেদন।

০১. প্রার্থীর নাম
বাংলায় :
ইংরেজি বড় অক্ষরে :

০২. পিতার নাম
বাংলায় :
ইংরেজি বড় অক্ষরে :

০৩. মাতার নাম
বাংলায় :
ইংরেজি বড় অক্ষরে :

০৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)

| |
|---|
| বাসা/ বাড়ী নং : |
| গ্রাম/ মহল্লা : |
| মৌজা/মহল্লা (পৌরসভার ক্ষেত্রে ) : |
| ইউনিয়ন/ ওয়ার্ড(পৌরসভার ক্ষেত্রে ): |
| উপজেলা ও জেলা : |

স্থায়ী ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে)

| |
|---|
| বাসা/ বাড়ী নং : |
| গ্রাম/ মহল্লা : |
| মৌজা/মহল্লা (পৌরসভার ক্ষেত্রে ) : |
| ইউনিয়ন/ ওয়ার্ড(পৌরসভার ক্ষেত্রে ): |
| উপজেলা ও জেলা : |

০৬.জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) .............................................. ০৭.পেশা: ..............................

০৮. জন্ম তারিখ (ইংরেজিতে) ও বয়স (২৭/০১/২০২০ খ্রি. এস.এস.সি এর সনদ অনুযায়ী)..............................................

০৯. যে মৌজা/মহল্লায় কাজ করতে আগ্রহী (সর্বোচ্চ ০২টি মৌজা/মহল্লার নাম লিখুন)..............................................

১০. শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে)..............................................

১১. মোবাইল নম্বর (ইংরেজিতে) ..............................................

১২. নিজস্ব স্মার্ট ফোন আছে কি না? ( টিক চিহ্ন দিন) (ক) হ্যাঁ (খ) না
উত্তর হ্যাঁ হলে আপনার ফোনের Android Verson :......... আপনার ফোনের স্ক্রীন সাইজ.............ইঞ্চি।

১৩. শিক্ষাগত যোগ্যতা

| ক্র. নং | পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/ সিজিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | ০ | ১ | ২ | ০ | ২ | ০ |

প্রার্থীর স্বাক্ষর

**সংযুক্তিসমূহঃ**
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।
খ) জাতীয় পরিচয় পত্র বা জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি।
ঘ) পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।